রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**শনিবার, সেপ্টেম্বর ২৭, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়**
**টিভি-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১০ ভাদ্র ১৪৩২/২৫ আগস্ট ২০২৫

নং **১৫.০০.০০০০.০২৪.১৮.০৫১.২৪-৭৮৮**—বিটিবি নিউজ চ্যানেলের বিজ্ঞাপন মূল্যহার নিম্নরূপভাবে নির্ধারণ করা হলো:

**১.১। পিক ও অফ পিক টাইম**

| | | |
|---|---|---|
| পিক টাইম | : | (i) সন্ধ্যা ৬টা থেকে রাত ১২ টা পর্যন্ত। |
| অফ পিক টাইম | : | (ii) রাত ১২ টা থেকে পরবর্তী দিনের সন্ধ্যা ৬টা পর্যন্ত। |
| **বিশেষ দ্রষ্টব্য** | : | বিশেষ দিন কিংবা অনুষ্ঠানের গুরুত্ব বিবেচনা করে অফ পিক টাইমকে পিক টাইম হিসাবে গণ্য করা যাবে। |

**১.২। স্পট বিজ্ঞাপনের মূল্যহার:**

(ক) পিক টাইম (সন্ধ্যা ৬টা থেকে রাত ১২.০০টা):

| ব্যাপ্তিকাল | সংবাদ/অনুষ্ঠানের পূর্বে বা পরে মূল্যহার | সংবাদ/অনুষ্ঠানের ঠিক পূর্বে বা পরে মূল্যহার | অনুষ্ঠানের মধ্য বিরতিতে মূল্যহার | সংবাদের মধ্য বিরতিতে মূল্যহার |
|---|---|---|---|---|
| ১০ সে. | ৫০০/- | ৬৬৭/- | ৮৩৪/- | ১,০০০/- |
| ২০ সে. | ১,০০০/- | ১,৩৩৪/- | ১,৬৬৮/- | ২,০০০/- |
| ৩০ সে. | ১,৫০০/- | ২,০০১/- | ২,৫০২/- | ৩,০০০/- |
| ৪০ সে. | ২,০০০/- | ২,৬৬৮/- | ৩,৩৩৬/- | ৪,০০০/- |
| ৫০ সে. | ২,৫০০/- | ৩,৩৩৫/- | ৪,১৭০/- | ৫,০০০/- |
| ৬০ সে. | ৩,০০০/- | ৪,০০০/- | ৫,০০০/- | ৬,০০০/- |


**মূল্য :** টাকা ৮.০০

(খ) অফ পিক টাইম (রাত ১২টা থেকে পরবর্তী দিনের সন্ধ্যা ৬টা পর্যন্ত):

| ব্যাপ্তিকাল | সংবাদ/অনুষ্ঠানের পূর্বে বা পরে মূল্যহার | সংবাদ/অনুষ্ঠানের ঠিক পূর্বে বা পরে মূল্যহার | অনুষ্ঠানের মধ্য বিরতিতে মূল্যহার | সংবাদের মধ্য বিরতিতে মূল্যহার |
|---|---|---|---|---|
| ১০ সে. | ২০০/- | ২৫০/- | ৩০০/- | ৪০০/- |
| ২০ সে. | ৪০০/- | ৫০০/- | ৬০০/- | ৮০০/- |
| ৩০ সে. | ৬০০/- | ৭৫০/- | ৯০০/- | ১,২০০/- |
| ৪০ সে. | ৮,০০/- | ১,০০০/- | ১,২০০/- | ১,৬০০/- |
| ৫০ সে. | ১,০০০/- | ১,২৫০/- | ১,৫০০/- | ২,০০০/- |
| ৬০ সে. | ১,২০০/- | ১,৫০০/- | ১,৮০০/- | ২,৪০০/- |

**বিশেষ দ্রষ্টব্য : স্পট বিজ্ঞাপন প্রচারের ক্ষেত্রে প্রতিটি বুকিং প্রস্তাবে কেবলমাত্র ১টি পণ্য/সেবার বিজ্ঞাপন অন্তর্ভুক্ত করা যাবে। ১টি বুকিং প্রস্তাবে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা বা তদূর্ধ্ব মূল্যের স্পট বিজ্ঞাপন অন্তর্ভুক্ত করা হলে বিজ্ঞাপন মূল্যের উপর ২৫% রেয়াত প্রদান করা হবে। ১টি বুকিং প্রস্তাবে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা বা তদূর্ধ্ব মূল্যের স্পট বিজ্ঞাপন অন্তর্ভুক্ত করা হলে বিজ্ঞাপন মূল্যের উপর ৩০% রেয়াত প্রদান করা হবে।**

১.৩। **স্পন্সরশীপ মূল্যহার:**

(ক) বিটিভি নিউজের নিজস্ব প্রযোজনায় তৈরি News & Current Affairs (NCA) অনুষ্ঠান :

(i) পিক টাইম (সন্ধ্যা ৬টা থেকে রাত ১২ টা):

| অনুষ্ঠানের ব্যাপ্তিকাল | বিজ্ঞাপন সময় বরাদ্দ | মূল্য | অতিরিক্ত প্রতি মিনিট |
|---|---|---|---|
| ৬০ মিনিট | ৩ মিনিট | ১৫,০০০/- | ৫,০০০/- |
| ৩০ মিনিট | ১ মিনিট ৩০ সেকেণ্ড | ৭,৫০০/- | |

(ii) অফ পিক টাইম (রাত ১২ টা থেকে পরবর্তী দিন সন্ধ্যা ৬টা পর্যন্ত):

| অনুষ্ঠানের ব্যাপ্তিকাল | বিজ্ঞাপন সময় বরাদ্দ | মূল্য | অতিরিক্ত প্রতি মিনিট |
|---|---|---|---|
| ৬০ মিনিট | ৩ মিনিট | ৭,২০০/- | ২,৪০০/- |
| ৩০ মিনিট | ১ মিনিট ৩০ সেকেণ্ড | ৩,৬০০/- | |

(খ) প্যাকেজের আওতায় NCA অনুষ্ঠান:

প্যাকেজের আওতায় NCA অনুষ্ঠান প্রচারের ক্ষেত্রে বিটিভিকে নির্ধারিত স্পন্সরশীপ মূল্য প্রদান করতে হবে। প্রযোজ্য স্পন্সরশীপ মূল্য ব্যতিরেকে কোনো প্যাকেজ অনুষ্ঠান প্রচার করা যাবে না। প্যাকেজ অনুষ্ঠান পুনঃপ্রচারের ক্ষেত্রে বিটিভি নিউজের নিজস্ব অনুষ্ঠানের স্পন্সরশীপ মূল্যহার প্রযোজ্য হবে।

প্যাকেজের আওতায় NCA অনুষ্ঠানের মূল্যহার:

(i) পিক টাইম (সন্ধ্যা ৬টা থেকে রাত ১২ টা):

| অনুষ্ঠানের ব্যাপ্তিকাল | বিজ্ঞাপন সময় বরাদ্দ | মূল্য | অতিরিক্ত প্রতি মিনিট |
|---|---|---|---|
| ৬০ মিনিট | ৩ মিনিট | ৭,২০০/- | ২,৪০০/- |
| ৩০ মিনিট | ১ মিনিট ৩০ সেকেণ্ড | ৩,৬০০/- | |

(ii) অফ পিক টাইম (রাত ১২ টা থেকে পরবর্তী দিন সন্ধ্যা ৬টা পর্যন্ত):

| অনুষ্ঠানের ব্যাপ্তিকাল | বিজ্ঞাপন সময় বরাদ্দ | মূল্য | অতিরিক্ত প্রতি মিনিট |
|---|---|---|---|
| ৬০ মিনিট | ৩ মিনিট | ২,৪০০/- | ৮০০/- |
| ৩০ মিনিট | ১ মিনিট ৩০ সেকেণ্ড | ১,২০০/- | |

বিশেষ দ্রষ্টব্য : ৬০ মিনিট ব্যাপ্তিকালের অনুষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য বিজ্ঞাপন সময় ও বিজ্ঞাপন মূল্যহারের আনুপাতিক হারে অন্যান্য ব্যাপ্তিকালের অনুষ্ঠানের বিজ্ঞাপন সময় ও বিজ্ঞাপন মূল্যহার প্রযোজ্য হবে।

**১.৪। পপ-আপ, এল পপ-আপ, ডগি, লোগো ও স্ক্রলে বিজ্ঞাপন প্রচার:**

পপ-আপ: পপ-আপ বিজ্ঞাপন হলো এক ধরনের ডিজিটাল বিজ্ঞাপন যাতে অনুষ্ঠান/সংবাদ প্রচারকালে টিভি স্ক্রিনের নিচে অনুভূমিকভাবে বিস্তৃত একটি বারে বিজ্ঞাপনদাতার পণ্যের/সেবার তথ্য সম্বলিত ভিডিও (অডিও ছাড়া) প্রদর্শিত হয়।

এল পপ-আপ: অনুষ্ঠান/সংবাদ প্রচারকালে টিভি স্ক্রিনের নিচে ও বাম পাশে একই সাথে অনুভূমিকভাবে ও উল্লম্বভাবে বিস্তৃত L আকৃতির স্থানে বিজ্ঞাপনদাতার পণ্যের/সেবার তথ্য সম্বলিত ভিডিও চিত্রকে (অডিও ছাড়া) এল পপ-আপ বিজ্ঞাপন হিসেবে গণ্য করা হয়।

লোগো: অনুষ্ঠান/সংবাদ প্রচারকালে কোনো প্রতিষ্ঠানের লোগো বা ব্র্যান্ড সিম্বল ও প্রমোশনাল ছোট পরিসরে স্ক্রিনের যে কোনো পাশে প্রদর্শিত হয়।

ডগি: এ ধরনের বিজ্ঞাপন টিভি স্ক্রিনে হঠাৎ করে খুব অল্প জায়গা দখল করে দৃশ্যমান হয়। এটি লোগো বিজ্ঞাপনের একটি ভিন্ন ধরন।

(i) **পপ-আপ, ডগি, লোগো ও এল পপ-আপ বিজ্ঞাপনঃ**

| বিজ্ঞাপনের ধরন | ব্যাপ্তিকাল | ১২ বারের মূল্যহার | |
|---|---|---|---|
| | | পিক | অফ পিক |
| পপ-আপ | ৬ সেকেন্ড | ৭,৫০০/- | ৩,৭৫০/- |
| এল পপ-আপ | ৬ সেকেন্ড | ১০,০০০/- | ৫,০০০/- |
| ডগি | ৬ সেকেন্ড | ৫,০০০/- | ২,৫০০/- |
| লোগো | ৬ সেকেন্ড | ৫,০০০/- | ২,৫০০/- |

পপ-আপ, এল পপ-আপ, ডগি ও লোগো-এর যে কোনো আইটেম কমপক্ষে ১২ বার প্রচার করতে হবে। ১২ বারের অতিরিক্ত প্রচারের ক্ষেত্রে আনুপাতিক মূল্যহার প্রযোজ্য হবে।

বিশেষ দ্রষ্টব্যঃ স্পন্সরড অনুষ্ঠানে কেবলমাত্র স্পন্সরকারী কর্তৃক প্রদত্ত পপ-আপ, ডগি, লোগো ও এল পপ-আপ বিজ্ঞাপন প্রচার করা যাবে।

(ii) **স্ক্রলে বিজ্ঞাপন প্রচারঃ**

| সর্বোচ্চ ৫০ টি শব্দ সম্বলিত বিজ্ঞাপন স্ক্রলে প্রচারের জন্য মূল্যহার | |
|---|---|
| পিক টাইম<br>(১০ বার প্রচারের মূল্য) | অফ পিক টাইম<br>(১০ বার প্রচারের মূল্য) |
| ৬,০০০/- | ৩,০০০/- |

বিঃ দ্রঃ ৫০ শব্দ সম্বলিত স্ক্রল বিজ্ঞাপন কমপক্ষে ১০ বার প্রচার করতে হবে। ১০ বারের অতিরিক্ত প্রচারের ক্ষেত্রে আনুপাতিক মূল্যহার প্রযোজ্য হবে।

**১.৫। কাউন্টডাউন ঘড়ি স্পন্সর, সংবাদ শিরোনাম স্পন্সর ও টিভি স্ক্রলের পাশে লোগো/ডগি/অনুরূপ বিজ্ঞাপন প্রচারঃ**

**(i) কাউন্টডাউন ঘড়ি স্পন্সরঃ**

* বিটিভি নিউজ চ্যানেলে প্রতিটি সংবাদ শুরুর ১০ সেকেন্ড পূর্ব থেকে প্রদর্শিতব্য ডিজিটাল কাউন্টডাউন ঘড়ি স্পন্সর করা যাবে।

* স্পন্সরকারী ডিজিটাল ঘড়িতে কাউন্টডাউন চলাকালে একই সাথে তাদের একক পণ্যের ১০ সে. ব্যাপ্তিকালের ভিডিও বিজ্ঞাপন (অডিও ছাড়া) প্রচার করতে পারবেন। বিজ্ঞাপনে ঐ পণ্যের লোগো ও ডগি বিনামূল্যে প্রচার করা যাবে।

* এ ধরনের স্পন্সর বিজ্ঞাপন প্রচারের ক্ষেত্রে এজেন্সি/বিজ্ঞাপনদাতাকে মাসওয়ারি চুক্তি করতে হবে।

* ১ মাসে প্রচারিতব্য বিটিভি নিউজের সকল সংবাদের পূর্বে কাউন্টডাউন ঘড়ি স্পন্সরের জন্য বিজ্ঞাপন ফি বাবদ ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা প্রযোজ্য হবে। এক মাসের কম সময়ের জন্য চুক্তি করা যাবে না।

**(ii) সংবাদ শিরোনাম স্পন্সরঃ**

* স্পন্সরকারী প্রতিষ্ঠানের একক পণ্যের নাম সম্পৃক্ত করে সংবাদ শিরোনামের নামকরণ করা যাবে।

* সংবাদ শিরোনাম প্রচারকালে নাম সম্পৃক্ত পণ্যের অনুমোদিত আকারের লোগো/ডগি বিনামূল্যে প্রচার করা যাবে।

* স্পন্সর ঘোষণার পর ১০ সে. ব্যাপ্তিকালের অডিও-ভিডিও বিজ্ঞাপন প্রচার করা যাবে।

* এ ধরনের স্পন্সর বিজ্ঞাপন প্রচারের ক্ষেত্রে এজেন্সি/বিজ্ঞাপনদাতাকে মাসওয়ারি চুক্তি করতে হবে।

* ১ মাসে প্রচারিতব্য বিটিভি নিউজের সকল সংবাদের শিরোনাম স্পন্সরের জন্য বিজ্ঞাপন ফি বাবদ ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা প্রযোজ্য হবে। এক মাসের কম সময়ের জন্য চুক্তি করা যাবে না।

**(iii) টিভি স্ক্রলের পাশে লোগো/ডগি/অনুরূপ বিজ্ঞাপন প্রচারঃ**

* টিভি স্ক্রলের পাশে বিজ্ঞাপনদাতার একক পণ্যের লোগো/ডগি/অনুরূপ ভিডিও বিজ্ঞাপন (অডিও ছাড়া) প্রচার করা যাবে।

* স্ক্রলের পাশে দুইটির অধিক লোগো/ডগি/অনুরূপ ভিডিও বিজ্ঞাপন প্রচার নির্ধারিত থাকলে পর্যায়ক্রমে একটির পর অন্যটি সার্বক্ষণিক প্রচার করা হবে। অনিবার্য কারণে এরূপ বিজ্ঞাপন প্রচার সাময়িক সময়ের জন্য প্রচার করা না গেলেও চুক্তিপত্রের সম্পূর্ণ মূল্য প্রযোজ্য হবে।

* এ ধরনের বিজ্ঞাপন প্রচারের ক্ষেত্রে এজেন্সি/বিজ্ঞাপনদাতাকে মাসওয়ারি চুক্তি করতে হবে।

* ১ মাসে এ ধরনের প্রতিটি বিজ্ঞাপন প্রচারের জন্য বিজ্ঞাপন ফি বাবদ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা প্রযোজ্য হবে। এক মাসের কম সময়ের জন্য চুক্তি করা যাবে না।

**২.০। পণ্যের নাম সম্পৃক্ত অনুষ্ঠানের স্পন্সর সম্প্রচার :**

* স্পন্সর অনুষ্ঠানের ক্ষেত্রে স্পন্সরকারীর চাহিদা মোতাবেক একক পণ্যের নাম সম্পৃক্ত করে অনুষ্ঠানের নামকরণ করা যাবে।

* অনুষ্ঠানের নামকরণ বিটিভি নিউজ ও স্পন্সরকারী উভয়ের কাজে গ্রহণযোগ্য হতে হবে।

* অনুষ্ঠানের ব্যাকড্রপে বা পর্দার সুবিধাজনক স্থানে নাম সম্পৃক্ত পণ্যের অনুমোদিত আকারের লোগো ও ডগি বিনামূল্যে প্রচার করা যাবে।

* এক্ষেত্রে প্রচলিত স্পন্সর প্রচার মূল্যের উপর ২০% সারাচার্জ প্রদার করতে হবে। নির্ধারিত সময়ের অতিরিক্ত বিজ্ঞাপন প্রচারের ক্ষেত্রে রেটকার্ড অনুযায়ী প্রযোজ্য স্পন্সর বিজ্ঞাপন মূল্য প্রদান করতে হবে। অতিরিক্ত সময়ের জন্য কোনো সারচার্জ প্রদান করতে হবে না।

**৩.০। মূল্য সংযোজন কর ও উৎসে কর:**

* সরকার নির্ধারিত হার প্রযোজ্য হবে।

**৪.০। এজেন্সি কমিশন :**

* বাংলাদেশ টেলিভিশনের এজেন্সি তালিকাভুক্তিকরণ নীতিমালা অনুযায়ী তালিকাভুক্ত বিজ্ঞাপন এজেন্সিকে বিজ্ঞাপন ফি'র উপর ১৫% হারে এজেন্সি কমিশন প্রদান করা হবে।

**৫.০। ব্যক্তি পর্যায়ের বিজ্ঞাপনদাতা অথবা বিটিভিতে তালিকাভুক্ত নয় এমন বিজ্ঞাপন এজেন্সি/প্রতিষ্ঠান অথবা সরাসরি বিজ্ঞাপনদাতার নিকট হতে প্রাপ্ত বিজ্ঞাপন বুকিংয়ের ক্ষেত্রে কমিশন প্রদান :**

* ব্যক্তি পর্যায়ে বিজ্ঞাপনদাতা অথবা বিটিভিতে তালিকাভুক্ত নয় এমন বিজ্ঞাপন এজেন্সি/প্রতিষ্ঠান অথবা সরাসরি বিজ্ঞাপনদাতার নিকট হতে প্রাপ্ত বিজ্ঞাপন বুকিংয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিজ্ঞাপন এজেন্সি/প্রতিষ্ঠান অথবা সরাসরি বিজ্ঞাপনদাতাকে ৭.৫% কমিশন প্রদান করা হবে;

* বুকিংদাতাকে বুকিং প্রস্তাবের সাথে বিজ্ঞাপন মূল্য অগ্রিম পরিশোধ করতে হবে;

* ব্যক্তি পর্যায়ে থেকে প্রদত্ত বুকিংয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তির জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে;

* বিটিভির তালিকাভুক্ত নয় এ ধরনের বিজ্ঞাপন এজেন্সি/প্রতিষ্ঠান কিংবা বিজ্ঞপনদাতার সরাসরি বুকিংয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্সের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে;

* বুকিংদাতাকে সংশ্লিষ্ট বিজ্ঞাপনদাতার ওয়ার্ক অর্ডার জমা দিতে হবে।

**৬.০। চুক্তিপত্রের মূল্য পরিশোধ:**

* বিজ্ঞাপন চুক্তিপত্রের সমুদয় বিজ্ঞাপন ফি, মূল্য সংযোজন কর ও উৎসে কর 'বাংলাদেশ টেলিভিশন'-এর অনুকূলে শিডিউল ব্যাংকের পৃথক চেক/পে-অর্ডারের মাধ্যমে অগ্রিম পরিশোধ করতে হবে। সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থা ইত্যাদির বিজ্ঞাপন প্রচারের ক্ষেত্রে বিজ্ঞাপন প্রচারের পর বিলের অর্থ পরিশোধ করা যাবে।

**৭.০। বুকিং অর্ডার/সম্প্রচার প্রস্তাব :**

* বিজ্ঞাপন প্রচারের নির্ধারিত দিনের অন্ততঃ ২ দিন পূর্বে বিজ্ঞাপন সম্প্রচারের প্রস্তাব বিটিভির বিজ্ঞাপন শাখায় জমা দিতে হবে।

* স্পট বিজ্ঞাপন প্রচারের ক্ষেত্রে বুকিংপ্রস্তাবে বিজ্ঞাপনদাতার নাম, পণ্য শিরোনাম, প্রচার তারিখ, ব্যাপ্তিকাল ও স্পটসংখ্যা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। স্পন্সর বিজ্ঞাপনের ক্ষেত্রে বিজ্ঞাপন সিডিউল বুকিং প্রস্তাবের সাথে সংযুক্ত করতে হবে। বিটিভি'র বিজ্ঞাপন শাখা কর্তৃক অনুমোদিত বিজ্ঞাপন চিত্রের পাণ্ডুলিপি ও সেন্সর সনদ বুকিং প্রস্তাবের সাথে উপস্থাপন করতে হবে।

২। অর্থ বিভাগের ১০ আগস্ট ২০২৫ তারিখের ০৭.০০.০০০০.১৪৪.৩২.০০১.২১-১৭ নম্বর স্মারকে প্রদত্ত সম্মতির পরিপ্রেক্ষিতে এ প্রজ্ঞাপন জারি করা হলো; এবং

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মুহাম্মদ শরিফুল হক**
উপসচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd